

১) ০০০০/১২
২) ১১১-১২
৩) ১১১
৪) ১১১/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
website: www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৫৬০.১৮. ৭৮২

তারিখ: ১৫/০৫/১৮

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।


বিষয়: বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের আঞ্চলিক প্রকৌশলী জনাব মোঃ আতিয়ার রহমান এর অবসর উত্তর ছুটিসহ ১৮ মাসের
লাম্প গ্র্যান্ট মঞ্জুরী প্রসংগে।

বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের আঞ্চলিক প্রকৌশলী জনাব মোঃ আতিয়ার রহমান এর জন্ম তারিখ ১৮-০৫-১৯৫৯ খ্রিঃ। সে হিসাবে
আগামী ১৭-০৫-২০১৮ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে। বিধায় তিনি অবসর উত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে
লাম্প গ্র্যান্ট মঞ্জুরী চেয়ে আবেদন করেছেন। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার সনদপত্র অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটির
হিসাবে ০২ বৎসর ০৩ মাস ১৫ দিন পূর্ণ গড় বেতনে এবং ০২ বৎসর ০৯ মাস ২৫ দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছেন। প্রত্যাশিত শেষ
বেতনের সনদপত্র অনুযায়ী তার মূল বেতন ৬০,৮৪০/- (ষাট হাজার আটশত চল্লিশ) টাকা মাত্র (কপি সংযুক্ত)। এ প্রেক্ষিতে তিনি বিধি মোতাবেক
১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

২। এমতাবস্থায় গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ধারা এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের প্রবিধি-১ শাখার অম/অবি/প্রবি-
১/চাঃবিঃ/৩/৬২ নম্বর প্রজ্ঞাপনের ৪ এ ধারা এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২) ধারা মোতাবেক বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের
আঞ্চলিক প্রকৌশলী জনাব মোঃ আতিয়ার রহমান-কে ১৭-০৫-২০১৮ তারিখ হতে অবসর প্রদান করতঃ ১৮-০৫-২০১৮ তারিখ হতে
১৭-০৫-২০১৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে ৬০,৮৪০/- (ষাট হাজার
আটশত চল্লিশ) টাকা মূল বেতনে (৬০,৮৪০ X ১৮) = ১০,৯৫,১২০/- (দশ লক্ষ পঁচানব্বই হাজার একশত বিশ) টাকা মাত্র লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসংগে প্রেরণ করা হলো :

১।	মূল আবেদন পত্র -	ঃ	১(এক) কপি
২।	এস.এস.সি সনদপত্রের সত্যায়িত ছায়াছবি -	ঃ	১(এক) কপি
৩।	ইএলপিসি প্রাপ্ত মূল বেতনের প্রত্যয়ন পত্র -	ঃ	১(এক) কপি
৪।	ছুটি প্রাপ্যতার সনদপত্রের মূল কপি -	ঃ	১(এক) কপি
৫।	কোর্ট কেইস/বিভাগীয় মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র -	ঃ	১(এক) কপি
৬।	প্রথম নিয়োগ ও চাকুরিতে যোগদান পত্রের সত্যায়িত অনুলিপি -	ঃ	১(এক) কপি
৭।	জাতীয় পরিচয় পত্র -	ঃ	১(এক) কপি

সংযুক্ত: ৪ যথাবর্ণিত।



নারায়ণ চন্দ্র শাহ
মহাপরিচালক


টেলিফোন: ৪৪৮১০০৬২

তারিখ: ১৫/০৫/১৮

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৫৬০.১৮. ৭৮২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব মোঃ আতিয়ার রহমান, আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রংপুর।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৫। মাস্টার ফাইল (সংস্থাপন-১)।


মোহাম্মদ হামিদুর রহমান -
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের কার্যালয়